সকাল-বেলার কুঁড়ি আমার বিকালে যায় টুটে,
মাঝখানে হায় হয় নি দেখা উঠল যখন ফুটে ॥
ঝরা ফুলের পাপড়িগুলি   ধুলো থেকে আনিস তুলি,
শুক্‌নো পাতার গাঁথব মালা হৃদয়পত্রপুটে ॥
যখন    সময় ছিল দিল ফাঁকি—
এখন    আন্‌ কুড়ায়ে দিনের শেষে অসময়ের ছিন্ন বাকি ।
কৃষ্ণরাতের চাঁদের কণা   আঁধারকে দেয় যে সান্ত্বনা
তাই নিয়ে মোর মিটুক আশা— স্বপন গেছে ছুটে ॥

---

Parjaay: Bichitro, Taal: Sasthi, Raag: Multaan

Visit www.geetabitan.com for notation and other detail